27

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 SEP 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# আজ সাক্ষরতা দিবস

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ (মঙ্গলবার) ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। ২৭ বছর আগে বিশ্ব হইতে নিরক্ষরতা দূরীকরণে দৃঢ় অঙ্গীকার নিয়া ( ১০ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## সাক্ষরতা দিবস

( ১ম পৃঃ পর )

প্রতি বছর এই দিবস পালন করা হয়। দিবসটি উদযাপনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন কর্মসূচী গ্রহণ করিয়াছে। এই উপলক্ষে ঢাকা আহছানিয়া মিশন দিনব্যাপী কর্মসূচীর আয়োজন করিয়াছে। এই কর্মসূচীর মধ্যে রহিয়াছে: সকাল সাড়ে ৭টায় জাতীয় যাদুঘর হইতে প্রেসক্লাব পর্যন্ত শোভাযাত্রা, বিকাল ৩টা হইতে ৭টা পর্যন্ত জাতি সংঘ তথ্য কেন্দ্রে সাক্ষরতা উন্নয়ন যোগাযোগ বিষয়ক উপকরণ প্রদর্শনী এবং বিকাল ৪টায় জাতিসংঘ তথ্য কেন্দ্রে আলোচনা সভা। আলোচনা সভায় প্রধান অতিথি থাকিবেন শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার।

বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশনের উদ্যোগে আজ সকাল ১০ টায় নীলক্ষেত পলাশীস্থ শানচেইস মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হইবে।

এই উপলক্ষে ইউসেপ-বাংলাদেশ ঢাকা বিভাগ ১'এর উদ্যোগে আজ সকাল ৯ টায় জাতীয় প্রেসক্লাবের সম্মুখ হইতে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বাহির করা হইবে।

জাতীয় তরুণ সংঘ আজ বিকাল ৫ টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করিয়াছে।